



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
তেঁতুলিয়া, পঞ্চগড়।



এ কার্যালয় থেকে আপনি যে সব সেবা ও সহযোগিতা পেতে পারেন

- ১। প্রাথমিক সমিতি/দল (পুরুষ/মহিলা) গঠন, ঋণ গ্রহণে পরামর্শ প্রদান ও এতদসংক্রান্ত যাবতীয় তথ্য এবং ফরম সরবরাহ।
- ২। সদস্যদের শেয়ার ও সঞ্চয় আমানত সংগ্রহের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠন।
- ৩। সমিতির সদস্যগণকে সহজশর্তে কৃষি উৎপাদন ও কৃষি উপকরণের জন্য (সার, বীজ, প্রদর্শনী পুঁট এবং ঋণ সহায়তা প্রদান।
খ) কৃষক সমবায় সমিতিতে আবর্তক ক্ষুদ্র ঋণ প্রদান।
- ৪। সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী(সদাবিক) পল্লী প্রগতি প্রকল্প (পপ্রপ্র), পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীব), পল্লী দারিদ্র বিমোচন কর্মসূচীর (পদাবিক) আওতায় অনানুষ্ঠানিক দল গঠন এবং উৎপাদনমুখী ও আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডের জন্য ঋণ প্রদান।
- ৫। আনুষ্ঠানিক সদস্যদের নিবন্ধনের পরপরই এবং অনানুষ্ঠানিক দল গঠনের ৮ (আট) সপ্তাহ পর সদস্যদের ঋণ প্রদান করা হয়।
- ৬। সমবায়ীদের উৎপাদিত শস্যের বাজারজাত করণের সুযোগ সৃষ্টি এবং ন্যায্য মূল্য প্রাপ্তির সহায়তা।
- ৭। নারীর ক্ষমতায়ন এবং নারীর নেতৃত্ব বিকাশে সচেতনতা বৃদ্ধি, নারী নির্যাতন রোধ ও যৌতুক প্রথা নিমূলে সচেতনতা সৃষ্টিতে সহায়তা।
- ৮। সদস্যদের বয়স্ক শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা ইত্যাদি বিষয়ে পরামর্শ ও সেবা প্রদান।
- ৯। বৃক্ষ রোপন ও স্যানিটেশন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকল্পে পরামর্শ ও সহযোগিতা।
- ১০। অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্ম কর্মসংস্থান সৃষ্টির লক্ষে নামমাত্র সেবা মূল্যের বিনিময়ে ঋণ প্রদান।
- ১১। গ্রামীণ দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সহযোগিতা প্রদান এবং গ্রামীণ নেতৃত্বের বিকাশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ।
- ১২। এ অফিসের কোন কর্মকর্তা/ কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ থাকলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার নিকট উত্থাপন করা হলে তার প্রতিকার করা হবে।
- ১৩। উপজেলায় বসবাসরত যে কোন ব্যক্তিকে সেবা সংক্রান্ত তথ্য প্রদানে এ অফিস প্রতিশ্রুতিবদ্ধ।
- ১৪। ঋণ বাবদ মঞ্জুরীকৃত সমুদয়টাকা বুঝে নিন। সমুদয়টাকা বুঝে না পেয়ে ঋণ বিতরণের সনদপত্রে স্বাক্ষর করবেন না।
- ১৫। প্রাথমিক সমিতি/দলের সদস্য/সদস্যদের আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের উপর প্রশিক্ষণ প্রদান।
- ১৬। গ্রাম হবে শহর এই প্রতিপাদ্যকে সামনে রেখে প্রত্যন্ত গ্রাম এলাকায় অংশীদারীত্বের ভিত্তিতে ক্ষুদ্র ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ করা হয়।